গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিআর-৩ শাখা
www.mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১০২.১৮.০০২.২৩-১৯৭

তারিখ: ২৭ কার্তিক, ১৪৩২
১২ নভেম্বর, ২০২৫

**বিষয়: বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন যথানিয়মে ও যথাসময়ে দাখিল/অনুবেদন/ প্রতিস্বাক্ষরপূর্বক ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০' এর ২.১ ও ২.৬ নং অনুচ্ছেদ-এ 'গোপনীয় অনুবেদন' ও 'গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরের সমসয়সূচি' সম্পর্কে বিস্তারিত উল্লেখ করা হয়েছে। কিন্তু সিআর অধিশাখায় প্রাপ্ত এসিআরসমূহ পর্যালোচনায় দেখা যায় যে, একজন কর্মকর্তার কর্মজীবনের বিভিন্ন বছর/সময়ে বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন প্রযোজ্য হলেও তা যথানিয়মে ও যথাসময়ে দাখিল/অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষর করা হচ্ছে না। এছাড়া, চাকরি স্থায়ীকরণ, সিনিয়র স্কেলসহ সকল পদোন্নতি এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে পদায়নের লক্ষ্যে কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদন সংক্রান্ত চাহিত প্রতিবেদন প্রস্তুত করতে গিয়ে বিভিন্ন ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হচ্ছে। এতে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ক্ষতিগ্রস্ত হচ্ছেন। ফলে ন্যায় বিচার নিশ্চিত করা যাচ্ছে না, যা অনাকাঙ্ক্ষিত।

এমতাবস্থায়, 'গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০' অনুযায়ী বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন প্রযোজ্য হলে গোপনীয় অনুবেদন যথানিয়মে ও যথাসময়ে দাখিল/অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষরপূর্বক সিআর অধিশাখায় প্রেরণ নিশ্চিতকরণ অথবা কোন বছর/সময়ে এসিআর প্রযোজ্য না হলে উপযুক্ত প্রমাণক প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২.১১.২০২৫
মুহাম্মদ আব্দুর রহিম সুজন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০০৭৭৮
ইমেইল: cr3@mopa.gov.bd

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।
২। সিনিয়র সচিব/সচিব (সকল)...........................................................................।
৩। রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
৪। রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি
৫। রেক্টর, রেক্টর এর দপ্তর, জাতীয় উন্নয়ন প্রশাসন একাডেমি (নাডা)
৬। মহাপরিচালক (সচিব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (বিকেকেবি)
৭। মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
৮। মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজম্যান্ট (বিয়াম) ফাউন্ডেশন
৯। মহাপরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা।
১০। মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর
১১। পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর
১২। বিভাগীয় কমিশনার (সকল)...........................................................................।
১৩। জেলা প্রশাসক (সকল)...........................................................................।
১৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল)...........................................................................।
১৬। অফিস কপি/গার্ড ফাইল।